গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০- ১৫৫

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯ / ১৩ জুলাই ২০২২

**বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৬.০৬.২০২২ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

১৩/৭/২২
(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৭৯৮৯
monitor@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অতিরিক্ত সচিব (মানব সম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপসচিব (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে ইনোভেশন সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

E:\প্রশাসন-৪\INNOVATION ইনোভেশন\Innovation (Monthly meeting) 45.00.0000.143.06.002.20\letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : সাবিনা ইয়াসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ। |
| তারিখ ও সময় | : ২৬ জুন, ২০২২ খ্রিঃ ও বেলা ০৩:০০ টা |
| স্থান | : অনলাইনে অনুষ্ঠিত |
| আয়োজনে | : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

সভাপতি চলতি অর্থবছরের শেষ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের অভ্যন্তরীণ ইনোভেশন টিমের কার্যক্রম শুরু করেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে উদ্ভাবনী চর্চাকে যথেষ্ট গুরুত্ব দিতে হবে। বর্তমান পরিস্থিতি মানুষকে সহজে সেবা প্রদানের উপায় বের করতে হবে। তিনি সকল অনুবিভাগে কর্মকর্তাদেরকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা তৈরি ও বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক সেবা প্রদান প্রক্রিয়াকে আরো সহজতর করার জন্য অনুরোধ জানান।অতঃপর সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

**০২.** সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. গত ১৫.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

৪. পর্যালোচনা সভায় বিষয়ভিত্তিক আলোচনা ও সুপারিশসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | আলোচনার বিষয় | সুপারিশ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪.১ | **[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ :**<br>১.১ উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন: সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় স্বাস্থ্য সেবা বিভাগের নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কার্যক্রমের আওতায় "স্বাস্থ্যখাতে সেবা প্রদানকারী বেসরকারি প্রতিষ্ঠানকে অনুদান প্রদান ব্যবস্থাপনা" সফট্ওয়ারটি পাইলটিং এবং পর্যবেক্ষণ শেষে চূড়ান্তভাবে বাস্তবায়নের অপেক্ষায় রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি সফট্ওয়ারটি পাইলটিং শেষে চূড়ান্তভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান এবং স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে লিংক দিতে বলেন।<br>১.২ সেবা সহজিকরণ: কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক সেবা সহজিরণ বিষয় আলোচিত হয়। সভায় **'বিদেশে বিশেষায়িত নার্স নিয়োগের অনাপত্তি প্রদান'** সংক্রান্ত কার্যক্রমকে সেবা সহজীকরণ বাস্তবায়নের কার্যক্রম হিসেবে নার্সিং-১ শাখায় চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>**[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা :**<br>সভাপতি বিগত শোকেসিংয়ে নির্বাচিত উদ্ভাবনী ধারণাগুলোর রেপ্লিকেশন/স্কেলআপের রোডম্যাপ উদ্ভাবকদের দ্রুত প্রশাসন-৪ শাখায় প্রেরণ করার পুনরায় অনুরোধ জানান। | ক) "স্বাস্থ্যখাতে সেবা প্রদানকারী বেসরকারী বেসরকারী প্রতিষ্ঠানকে অনুদান প্রদান ব্যবস্থাপনা" সফট্ওয়্যারটিকে পাইলটিং করতে হবে।<br>খ) স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে সফট্ওয়ারটির লিংক দিতে হবে এবং ইনোশেন টিমের সদস্যগণকে সফটওয়্যারটি পর্যবেক্ষণপূর্বক পরবর্তী সপ্তাহের মধ্যে মতামতামত প্রদান করবেন।<br>গ) উদ্ভাবনী ধারণা চেয়ে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর এবং মাঠ পর্যায় পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br>ঘ) **'বিদেশে বিশেষায়িত নার্স নিয়োগের অনাপত্তি প্রদান'** সংক্রান্ত কার্যক্রমকে সেবা সহজীকরণ বাস্তবায়নের কার্যক্রম হিসেবে নার্সিং-১ শাখা বাস্তবায়ন করবে।<br>ঙ) নির্বাচিত উদ্ভাবনী ধারণাগুলোর অগ্রগতি প্রতিবেদন এবং রেপ্লিকেশন/ স্কেলআপের রোডম্যাপ প্রশাসন-৪ শাখায় প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উদ্ভাবকদের পত্র প্রেরণ করতে হবে। | সকল শাখা অধিশাখা/ প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি: ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণের বিষয়ে বিশদ আলোচনা করা হয়। সভাপতি কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ৮০% করতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে বলেন।<br><br>[১. ৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন:<br>সভায় চতুর্থ শিল্পবিপ্লব সম্পর্কে আলোচনা করা হয়। বার্ষিক কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক চতুর্থ শিল্পবিপ্লবের কর্মশালা আয়োজন সম্পন্ন হয়েছে মর্মে উপসচিব (প্রশাসন-৪) সভাকে জানান। | চ) কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ৮০% করতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে হবে। | |
| ৪.২ | **[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি**<br>**[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ**<br>তথ্য বাতায়ন হালনাগাদকরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করার উপর জোর দেন। সেই সাথে তিনি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে বলেন।<br><br>**[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**<br>সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপসচিব (প্রশাসন-৪) তৃতীয় কোয়ার্টারে ২৫ জনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে মর্মে জানান। এছাড়া, কর্মপরিকল্পনা মোতাবেক দেশে বাস্তবায়িত দিনাজপুরের বীরগঞ্জের ডিজিটাল বালা এবং চিরির বন্দরের পুষ্টি ট্রে উদ্যোগগুলো পরিদর্শন করা হয়েছে মর্মে জানানো হয়। সভাপতি পরিদর্শিত ইনোভেশন উদ্যোগগুলো নিয়মিত পরিবীক্ষন করাসহ সেগুলো অন্যত্র বাস্তবায়নের পরামর্শ দেন।<br><br>**[২.৩]** বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ :<br>সভাপতি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। | ক) তথ্য বাতায়নে সকল সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br><br>খ)বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।<br><br>গ) পরিদর্শিত ইনোভেশন উদ্যোগগুলো নিয়মিত পরিবীক্ষন করাসহ সেগুলো অন্যত্র বাস্তবায়ন করতে হবে।<br>ঘ) ২০২১-২০২২ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রশাসন-৪/ কম্পিউটার সেল |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় গৃহিত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়গুলি যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৬/22

সাবিনা ইয়াসমিন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ